**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা
## সংখ্যা : ১৩/২০১৭

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**ঢাকা, মঙ্গলবার ১৭ জানুয়ারি ২০১৭, ৪ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী সুইজারল্যান্ড পৌঁছেছেন

২। গণতন্ত্রের স্বার্থে দলগুলোর মধ্যে সুসম্পর্ক জরুরি : নির্বাচন কমিশন গঠন নিয়ে রাষ্ট্রপতি

৩। আর্থিক খাতে উন্নয়নের রোডম্যাপ করবে বিশ্বব্যাংক : অর্থমন্ত্রী

৪। নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর ৭ খুন মামলার রায় : ২৬ জনের মৃত্যুদন্ড

৫। নারায়ণগঞ্জে সাত খুনের মামলার রায়টি আইনশৃঙ্খলা বাহিনীর বিপথগামীদের জন্য সতর্কবার্তা : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। নারায়ণগঞ্জের সাত খুন মামলার রায়ে ভীতি দূর হবে : আইনমন্ত্রী

৭। কুয়াকাটা হবে আন্তর্জাতিক মানের পর্যটন নগরী : শিল্পমন্ত্রী

৮। পাঠ্যবই নিজেরা ছাপানোর চিন্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের

৯। কলড্রপ ও ক্ষতিপূরণের তথ্য প্রতি মাসে জানাতে হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

১০। রাস্তা ও ফুটপাথ দখলমুক্ত না হওয়া পর্যন্ত উচ্ছেদ অভিযান চলবে

১১। এসএমই খাত উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এডিবি

১২। সমন্বিত উন্নয়ন সূচকে ৩৬তম বাংলাদেশ : বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদন

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী সুইজারল্যান্ড পৌঁছেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম বার্ষিক সভায় যোগ দিতে পাঁচ দিনের সরকারি সফরে সুইজারল্যান্ড পৌঁছেছেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী ইতিহাদ এয়ারওয়েজের ফ্লাইটটি গতকাল **১৬** জানুয়ারি সোমবার স্থানীয় সময় সকাল ৬ টা ৬ মিনিটে (বাংলাদেশ সময় বেলা **১১**টা ৬ মিনিট ) জুরিখ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সুইজারল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি শামিম আহ্সান বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিক মোটর শোভাযাত্রা সহকারে সিলভ্রেটা পার্ক হোটেলে নিয়ে যাওয়া হয়। সুইজারল্যান্ড সফরকালে তিনি এই হোটেলেই অবস্থান করবেন। ওয়ার্ল্ড ইকনোমিক ফোরামের (ডব্লিউইএফ) নির্বাহী চেয়ারম্যান প্রফেসর ক্লাউস সোয়াবের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম বাংলাদেশি নির্বাচিত নেতা হিসেবে এই ফোরামে যোগ দিতে যাচ্ছেন। সুইজারল্যান্ডের পূর্বাঞ্চলীয় আল্পস অঞ্চলে গ্রাউবান্ডেনে পাবর্ত্য রিসোর্ট ডাভোসে আগামী **১৭** থেকে ২০ জানুয়ারি চার দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.**১**), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)। **প্রথম আলো, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **গণতন্ত্রের স্বার্থে দলগুলোর মধ্যে সুসম্পর্ক জরুরি : নির্বাচন কমিশন গঠন নিয়ে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, জনগণের কল্যাণ এবং গণতন্ত্রের অভিন্ন লক্ষ্যে রাজনৈতিক দলগুলোর মধ্যে সুসম্পর্ক জরুরি। রাষ্ট্রপতি নির্বাচন কমিশন (ইসি) পুনর্গঠনে নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর মতামত গ্রহণে তার উদ্যোগের অংশ হিসেবে গতকাল **১৬** জানুয়ারি সোমবার বঙ্গভবনে বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (বিএনএপি), বাংলাদেশ খেলাফত মজলিস (বিকেএম) এবং গণফ্রন্টের (জিএফ) সঙ্গে পৃথক আলোচনাকালে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক. ৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫**), অবজারভার** (পৃ.২,ক.**১**), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

৩। **আর্থিক খাতে উন্নয়নের রোডম্যাপ করবে বিশ্বব্যাংক : অর্থমন্ত্রী**

বাংলাদেশের আর্থিক খাত উন্নয়নে বিশ্বব্যাংক একটি রোডম্যাপ প্রণয়ন করতে যাচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আমরা লোন পূরণে ভালো করেছি। ফলে রোডম্যাপ অনুযায়ী বিশ্বব্যাংকের অঙ্গভুক্ত প্রতিষ্ঠান আইডা আগামী তিন বছরের জন্য যেসব দেশে অতিরিক্ত টাকা থাকবে তা এখানে দেওয়া হবে বলে জানান তিনি। গতকাল **১৬** জানুয়ারি সোমবার সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে বিশ্বব্যাংকের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.**১২**,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১৯**,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.**১**)।

৪। **নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর ৭ খুন মামলায় রায় : ২৬ জনের মৃত্যুদন্ড**

নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত খুনের মামলায় সাবেক কাউন্সিলর নূর হোসেন ও সাবেক তিন র‌্যাব কর্মকর্তাসহ ২৬ জন আসামীকে মৃত্যুদন্ড দিয়েছে আদালত। দুই মামলায় **৩৫** আসামির মধ্যে বাকি নয়জনকে দেওয়া হয়েছে বিভিন্ন মেয়াদের কারাদন্ড। নারায়ণগঞ্জের জেলা ও দায়রা জজ সৈয়দ এনায়েত হোসেন গতকাল **১৬** জানুয়ারি সোমবার সকাল দশটা ৫ মিনিটে জনাকীর্ণ আদালতে এ মামলার রায় ঘোষণা করেন। রায়ের পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় নিহতদের স্বজনরা সন্তোষ প্রকাশ করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.**১**,ক.২)। **সমকাল, প্রথম আলো, সংবাদ, অবজারভার, নিউজ টুডে, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **নারায়ণগঞ্জে সাত খুনের মামলার রায়টি আইনশৃঙ্খলা বাহিনীর বিপথগামীদের জন্য সতর্কবার্তা : স্বরাষ্ট্রমন্ত্রী**

নারায়ণগঞ্জের সাত খুনের মামলার রায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিপথগামী সদস্যদের জন্য সতর্কবার্তা উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, এই রায়ের মাধ্যমে দেশে যে আইনের শাসন রয়েছে সেটিই প্রমাণিত হয়েছে। সরকারের যে নীতি, অপরাধী যেই হোক কেউই আইনের উর্ধ্বে নয়, সেটি প্রমাণ হয়েছে। এতে জনগণের ইচ্ছা প্রতিফলিত হয়েছে। গতকাল **১৬** জানুয়ারি সোমবার সচিবালয়ে নিজ দফতরে রায়ের ওপর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.**১**,ক.৪), **ইনকিলাব** (পৃ.**১**,ক.২) **সংবাদ** (পৃ.**১**,ক.৪**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**,ক.৮)।

৬। **নারায়ণগঞ্জের সাত খুন মামলার রায়ে ভীতি দূর হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, সাত খুন মামলার রায়ে জনগণ সন্তুষ্ট হবে এবং এই ঘৃণ্য



অপরাধে যে ভীতির সৃষ্টি হয়েছিল সেই ভীতি দূর হবে। তিনি বলেন, এই নৃশংসতার সাথে যারা জড়িত আদালত সাক্ষ্য প্রমাণে তা পেয়েছেন। যদি অপরাধ হিসেবে হত্যাকান্ড প্রমাণিত হয় তাহলে ফাঁসি দেওয়াটা হচ্ছে দ্য ফার্স্ট পানিশমেন্ট। মিটিগেশন বা অন্যান্য কারণ দেখানো হলে এটাকে যাবজ্জীবন দেওয়া যায়। সেই ক্ষেত্রে আদালত এই অপরাধের নৃশংসতা, এই অপরাধের ষড়যন্ত্রের যে ঘৃণ্যতা এসব বিচার করে ২৬ জনকে ফাঁসির রায় দিয়েছে। গতকাল ১৬ জানুয়ারি সোমবার সচিবালয়ে নিজ কার্যালয়ে এসব কথা বলেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৭। কুয়াকাটা হবে আন্তর্জাতিক মানের পর্যটন নগরী : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, কুয়াকাটায় পর্যটক ও পরিবেশবান্ধব ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা হবে। যারা এ শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে আগ্রহী, তাদের সহযোগিতা করা হবে। কুয়াকাটাকে আন্তর্জাতিক মানের পর্যটন নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সমুদ্র সৈকতের আকর্ষণ ও সৌন্দর্য বিশ্বের কাছে তুলে ধরতে বর্তমান সরকার কাজ করছে। সৈকত রক্ষার জন্য বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে। পর্যটন নগরী কুয়াকাটায় আয়োজিত তিন দিনব্যাপী মেগাবিচ কার্নিভাল ২০১৭-এর শেষ দিনে গতকাল ১৬ জানুয়ারি সোমবার সৈকতের তীরে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিল্পমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

**৮। পাঠ্যবই নিজেরা ছাপানোর চিন্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের**

ভুলে ভরা ও মৌলবাদী পাঠ্যবই নিয়ে তীব্র সমালোচনায় পড়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এনসিটিবির মাধ্যমে না ছাপিয়ে নিজেরাই প্রাথমিক স্তরের পাঠ্যবই ছাপানোর চিন্তা করছে। কেবল তাই নয়, প্রাথমিক স্তরের বই প্রণয়নে এনসিটিবির মতো আলাদা একটি প্রতিষ্ঠান করা যায় কিনা, তাও চিন্তাভাবনা করছে সরকার। গতকাল ১৬ জানুয়ারি সোমবার আলাপকালে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান তাদের চিন্তার কথা তুলে ধরে বলেন, আমরা এনসিটিবির বই ছাপানোর দায়িত্ব দেই, কিন্তু শিক্ষা মন্ত্রণালয় তা দেখাশোনা করে, এটা তাদেরই প্রতিষ্ঠান। এনসিটিবির মাধ্যমে না ছাপিয়ে নিজেরাই প্রাথমিক স্তরের পাঠ্যবই ছাপাতে পারি কিনা তা চিন্তাভাবনায় আছে। প্রাথমিক স্তরের বই আলাদা করে ছাপালে জবাবদিহিতা আমাদের থাকবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.৪,ক.১)।

**৯। কলড্রপ ও ক্ষতিপূরণের তথ্য প্রতি মাসে জানাতে হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

প্রতি মাসে কলড্রপের হার ও গ্রাহককে প্রদত্ত ক্ষতিপূরণের পরিমাণ টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা, বিটিআরসিকে পাঠাতে মোবাইল অপারেটরদের নির্দেশ দিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। গতকাল ১৬ জানুয়ারি সোমবার সচিবালয়ে মোবাইল অপারেটরদের সঙ্গে এক বৈঠকে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক. ৩), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

**১০। রাস্তা ও ফুটপাথ দখলমুক্ত না হওয়া পর্যন্ত উচ্ছেদ অভিযান চলবে**

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র সাঈদ খোকন বলেছেন, যে কোনো মূল্যে ফুটপাথ ও রাস্তা দখলমুক্ত করা হবে। এতে কোনো আপোস নয়। রাস্তা ও ফুটপাথ দখলমুক্ত না হওয়া পর্যন্ত অভিযান আরও জোরদারসহ অব্যাহত রাখার কথাও জানিয়েছেন তিনি। রাজধানীর গুলিস্তান থেকে মতিঝিল এলাকায় হকার উচ্ছেদের কঠোর অবস্থানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। দিনের বেলায় ফুটপাথে হকার বসা বন্ধ করতে টানা দ্বিতীয় দিনের মতো রাজধানীর গুলিস্তান ও বঙ্গবন্ধু অ্যাভিনিউ এলাকায় অবৈধ দোকানপাট উচ্ছেদে অভিযান চালিয়েছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। গতকাল ১৬ জানুয়ারি সোমবার বেলা ১১টা থেকে সিটি কর্পোরেশনের তিন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে এ অভিযান শুরু হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.৯,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১১। এসএমই খাত উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এডিবি**

দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলারের ঋণ সহায়তা দেবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ লক্ষ্যে আগামীকাল অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সঙ্গে এডিবির একটি ঋণ চুক্তি হবে। গতকাল ১৬ জানুয়ারি সোমবার ইআরডির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (এসএমই) এর আরও উন্নয়নে এডিবির এই ঋণের অর্থ ব্যবহৃত হবে। রাজধানীর অর্থনৈতিক সম্পর্ক বিভাগে এডিবির কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগুচি এবং ইআরডি সচিব কাজী শফিকুল আজম এই চুক্তিতে স্বাক্ষর

করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৪)।



**১২। সমন্বিত উন্নয়ন সূচকে ৩৬তম বাংলাদেশ: বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদন**

সমন্বিত উন্নয়ন সূচকে (আইডিআই) ৩৬তম অবস্থানে রয়েছে বাংলাদেশ। গতকাল **১৬** জানুয়ারি সোমবার জেনেভাভিত্তিক বিশ্ব অর্থনৈতিক ফোরাম এক প্রতিবেদনে এ তথ্য জানায়। **১২** টি পারফরম্যান্স নির্দেশকের ভিত্তিতে এ সূচক প্রণয়ন করা হয়। 'ইনক্লুসিভ গ্রোথ অ্যান্ড ডেভেলপমেন্ট রিপোর্ট-২০১৭' শীর্ষক এ প্রতিবেদনে বিশ্বের অগ্রসর ও উন্নয়নশীল দেশগুলোর অন্তর্ভুক্তিমূলক উন্নয়নচিত্র পর্যালোচনা করা হয়। এতে ৭৯টি উন্নয়নশীল অর্থনীতির দেশের ক্যাটাগরিতে বাংলাদেশ রয়েছে ৩৬ তম অবস্থানে। এতে প্রধান তিন নির্দেশকে বাংলাদেশের স্কোর ৪ দশমিক ০৩। দেশগুলোর অবস্থান নির্ধারিত হয় **১** থেকে ৭ স্কোরের ভিত্তিতে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার ভুলতা এলাকার একটি মন্দিরে হামলা হওয়ার ঘটনা তুলে ধরে মন্দির-গির্জা-প্যাগোডায় হামলা বা সংখ্যালঘুদের উপর অন্যায় ভাবে চড়াও হওয়ার ঘটনা বন্ধ করতে পুলিশ, প্রশাসন ও নেতৃবৃন্দ সকলকে আন্তরিকভাবে উদ্যোগী হওয়ায় আহ্বান ।

খ. **সংবাদ :** ইয়ুথ ডেভেলপমেন্ট ইনডেক্সে বাংলাদেশের তারুণ্যের কর্মসংস্থানের ব্যাপারে যে হতাশাজনক চিত্র উঠে এসেছে তার পরিপ্রেক্ষিতে তরুণদের মেধা আর প্রতিভাকে কাজে লাগাতে তাদের জন্য উজ্জ্বল জীবনের সম্ভাবনা সৃষ্টি করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশ থেকে প্রতি মাসে গড়ে ৪শ' নারী ও শিশু পাচার হয়ে যাওয়ায় নারী ও শিশুর জন্য অধিকতর সুযোগ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো, যুগান্তর, সমকাল, ভোরের কাগজ, অবজারভার, নিউজ টুডে, ডেইলি সান :** নারায়ণগঞ্জের আলোচিত সাত খুনের মামলার দৃষ্টান্তমূলক রায় এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি রোধে সহায়ক হবে বলে অভিমত প্রকাশ করে এ রায় দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা।

ঙ. **সমকাল, নিউ এজ :** কিশোরী বা তরুণীদের ওপর বখাটের হামলার ঘটনায় দায়ীদের জরুরী ভিত্তিতে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার পাশাপাশি সমাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

চ. **যুগান্তর :** টাকার অতিমূল্যায়নের কারণে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের রফতানিকারকরা রফতানি সক্ষমতায় পিছিয়ে পড়ায় প্রতিযোগি দেশের মুদ্রার মান নিয়ন্ত্রণে নেওয়া পদক্ষেপের পর্যালোচনা করে অনুরূপ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইনডিপেনডেন্ট :** স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কাজে গতি আনতে তাকে পাবলিক সিকিউরিটি ডিভিশন ও সিকিউরিটি সার্ভিস ডিভিশন এই দুই ভাগে ভাগ করার সরকারি পরিকল্পনার যথাযথ বাস্তবায়নে প্রত্যাশা।

জ. **ডেইলি স্টার, নিউ নেশন :** ভর্তি বিধি ভঙ্গের কারণে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এমবিবিএস ছাত্রদের রেজিস্ট্রেশন করতে অপারগতা প্রকাশ করায় বিদেশি ৬০০সহ ১২০০ ছাত্রের ভবিষ্যৎ নিয়ে যে অনিশ্চয়তা দেখা দিয়েছে তার দ্রুত সমাধানের প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** কুড়িগ্রাম এবং মৌলভীবাজারে রেল লাইনের স্লিপার আটকাতে লোহার বার ও হুকের পরিবর্তে বাঁশ ও কাঠের দণ্ডের ব্যবহার হওয়ার পরিপ্রেক্ষিতে সরকারকে দ্রুত রেলওয়ে নেটওয়ার্ক যথাযথভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণের পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ এজ :** স্কুলের পাঠ্যবইয়ে ভুল ও অসঙ্গতি দূর করে সঠিকভাবে মুদ্রণের ব্যবস্থা করার ওপর গুরুত্বরোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে রোহিঙ্গা সমস্যার কারণে বাংলাদেশের অর্থনৈতিক ও ভূকৌশলগত স্বার্থ কীভাবে বাধাগ্রস্ত হতে পারে তার একটি গবেষণামূলক ধারণা তৈরি করে তা সংশ্লিষ্ট দেশগুলোকে অবহিত করা প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে **'কৃষি অর্থনীতি ও শ্রমবাজার'** শিরোনামের নিবন্ধে শাহ মো. জিয়াউদ্দিন দেশের শ্রম বাজারকে স্থিতিশীল ও সচল রাখার জন্য অন্য সব পণ্যের মূল্যের সঙ্গে সংগতি রেখে কৃষি উৎপন্ন সব পণ্যের মূল্য বৃদ্ধি করা প্রয়োজন। শ্রমের মূল্যের অসামঞ্জস্য নিরসন করতে পারলে দেশের ধারাবাহিক উন্নয়ন সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা